

## শিল্প কলা

সম্প্রতি ইমামি আর্ট-এ শুরু হল দুই শিল্পীর অনলাইন চিত্রপ্রদর্শনী। শীর্ষক 'অস্তর্দৃষ্টি', চলবে ৩০ সেপ্টেম্বর পর্যন্ত। শিল্পী ভোলানাথ রুদ্র ও সুমন দে-র আঁকা বেশ কিছু ছবি স্থান পেয়েছে। সুমন দে-র আঁকা বেশ কিছু ছবি স্থান পেয়েছে। শিল্পীই তরঙ্গ, সমকালীন। ভোলানাথের শিল্পসৃষ্টির মূল আঙ্গিক হল জলরং। উজ্জ্বল ভাইব্র্যান্ট-ওয়াটারকালার-এ তিনি ফুটিয়ে তুলেছেন তাঁর কঢ়না। অন্যদিকে সুমনের পছন্দ অ্যাবস্ট্র্যাক্ট ক্যানভাস। দুই শিল্পীর মাধ্যম ও চিন্তাভাবনা আলাদা হলেও এই বৈপরীত্যই প্রদর্শনীর আকর্ষণ। তবে দুজনের কাজের মধ্যে দিয়েই স্পষ্ট হয় বিপুল ধরিত্বার ছবি। এই বিপুলতাকে সরিয়ে তুলতে হবে, শিল্পের মাধ্যমে, ভালবাসার মাধ্যমে। সেই বার্তাই খুঁজে পাওয়া যায় দুজনের ছবিতে। সবমিলিয়ে বেশ মনোগ্রাহী এক প্রদর্শনী।

